

অধিকবয়স্ক সংখ্যালঘু জাতিগত মানুষের আবাসন ও সংশ্লিষ্ট পরিষেবার জন্য নিরীক্ষণ পদ্ধতি



Housing and Older People
Development Group

অ্যাট হোম

কৃষ্ণকায় ও সংখ্যালঘু জাতি গোষ্ঠীর অধিকবয়স্ক ব্যক্তিরা কিভাবে তাদের আবাসনের বিষয়ে তাদের মতামত জানাবেন

- আপনি কি কৃষ্ণকায় ও সংখ্যালঘু জাতি গোষ্ঠীর এক অধিকবয়স্ক ব্যক্তি?
- আপনার বাসা কি রকম?
- আপনি যেখানে বাস করেন তা কি আপনি পছন্দ করেন?
- আপনার বাসা বা যেখানে আপনি বাস করেন সেখানে এমন কি কিছু আছে যা আপনি পাল্টাতে চান?
- আপনার বর্তমান বাসায় বাস করতে সাহায্য করতে কি আপনার সহায়তার প্রয়োজন কিন্তু আপনি নিশ্চিত নন তা কি?
- আপনি কি বাসা পাল্টাতে চাইছেন কিন্তু কি কি বিকল্প আছে সে বিষয়ে নিশ্চিত নন?
- আপনার ভাষা, সংস্কৃতি বা জাতিগত উৎসের জন্য আপনি কি কোন বিশেষ অসুবিধার সম্মুখীন হন?

এই প্রশ্নগুলির উত্তর স্থানীয় সংস্থাগুলিকে এটি নিশ্চিত করতে সাহায্য করতে পারে যে তারা সেই ধরনের আবাসন ও সহায়তা পরিষেবা প্রদান করে যা আপনার প্রয়োজন মেটাতে।

এটি ভালভাবে করতে তাদের অধিকবয়স্ক ব্যক্তিদের ও স্থানীয় এলাকায় তাদের প্রতিনিধিত্ব করে এমন গোষ্ঠীদের সঙ্গে কথা বলার প্রয়োজন হবে। এর অর্থ আপনার সাথে কথা বলা – এবং উপরে উল্লেখ করা প্রশ্নগুলির মত প্রশ্ন করা।

আপনাকে ও যে সংস্থাগুলি স্থানীয়ভাবে পরিষেবা প্রদান করে তাদের সাহায্য করতে, Housing and Older People Development Group (HOPDEV) (আবাসন ও অধিকবয়স্ক মানুষের বিকাশ গোষ্ঠী) Salford University (স্যালফোর্ড বিশ্ববিদ্যালয়)-র সঙ্গে কাজ করে এক ‘নিরীক্ষণ পদ্ধতি’ তৈরী করেছে – যার নাম অ্যাট হোম।

অ্যাট হোম-এর অনেকগুলি ভিন্ন ভিন্ন অংশ আছে। প্রথমটি আবাসন ও আবাসন সহায়ক পরিষেবার বিষয়ে আপনার মতামত ও অভিজ্ঞতার সংক্রান্ত বিষয়ে, এবং তা জানতে যে আপনি এতে কোথায় পরিবর্তন চান। অন্য অংশটি কিছু বিষয়ের প্রতি দৃষ্টি দেয় যেমন এই মুহূর্তে কি কি পরিষেবা স্থানীয়ভাবে প্রদান করা হয়, এবং পরিষেবার তথ্য ও সহজলভ্যতা।

যে সংস্থাগুলি এই অংশগুলির কোনটি বা সবকটি সম্পূর্ণ করবে, তারা এরপর পরিবর্তনগুলির এক কর্ম পরিকল্পনা তৈরী করবে। যদি আপনি এই প্রশ্নগুলির কোনটির উত্তর দেওয়ার বিষয়ে জড়িত ছিলেন, তা হলে আপনি পরবর্তী স্তরগুলির সঙ্গেও যুক্ত হতে চাইতে পারেন।

যদি আপনি এই নিরীক্ষণ পদ্ধতি দেখতে চান, এর ইংরেজী রূপ আপনি ওয়েবসাইট <http://hopdev.housingcare.org> থেকে তা ডাউনলোড করতে পারেন। যদি এবিষয়ে আপনি উৎসুক হন, এবং আবাসন ও আবাসন সহায়তার বিষয়ে পরিষেবা বা পুঁজি প্রদানকারী কোন স্থানীয় সংস্থার সঙ্গে আগেই যোগাযোগ স্থাপন করেছেন, আপনি তাদের জিজ্ঞাসা করতে পারেন তারা অ্যাট হোম ব্যবহার করবেন কি না।

আমরা আশা করব অ্যাট হোম কৃষ্ণকায় ও সংখ্যালঘু জাতি গোষ্ঠীর এক অধিকবয়স্ক ব্যক্তি হিসাবে আপনাকে সাহায্য করবে আবাসন ও আবাসন সহায়তার বিষয়ে আপনার প্রয়োজন ও ইচ্ছার বিষয়ে আমাদের জানাতে, এবং যে ভাবে স্থানীয় আবাসন ও আবাসন সহায়তা পরিষেবাগুলি আপনাকে প্রদান করা হয় তাতে পরিবর্তন আনতে।